# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ৩১ মার্চ, ২০১৩ |
| সময় | ঃ | বেলা ১২-৩০ টা |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাঈদ আনোয়ারুল ইসলাম<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক'-এ উপস্থাপন করা হলো।

সভার শুরুতেই উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ঃ গত ২৭ ফেব্রুয়ারি, ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ গত ২৭ ফেব্রুয়ারি, ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়ীকরণ করা হলো।

আলোচ্যসূচী-২ঃ ফেব্রুয়ারি, ২০১৩ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ ফেব্রুয়ারি, ২০১৩ মাসে গৃহকর বাবদ ১৩,৮৪,০০২.০০ টাকা এবং দোকান ভাড়া বাবদ ১৩,১৯,৬৭৩.০০ আদায় হয়েছে। জানুয়ারি, ২০১৩ পর্যন্ত এ বছরের ক্রমপুঞ্জীভূত আদায়ের হার ৯২.৫৩%। জুন, ২০১৩ মাস নাগাদ অবশিষ্ট গৃহকরের আদায় হবে মর্মে সভাকে অবহিত করা হয়।

আলোচ্যসূচী-৩ঃ ফেব্রুয়ারি, ২০১৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ ফেব্রুয়ারি, ২০১৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৪ঃ ফেব্রুয়ারি, ২০১৩ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসে মশার উপদ্রব অনেক বৃদ্ধি পেয়েছে। এছাড়াও ৯০১ সেন্ট্রাল ওয়ার্কশপ ও সংলগ্ন এলাকায় উইপোকা পোকার উপদ্রব ছড়িয়ে পড়ছে। যা জরুরী ভিত্তিতে নিয়ন্ত্রণে আনা প্রয়োজন। এ বিষয়ে স্টেশন হেলথ অর্গানাইজেশন কর্তৃক যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। প্রয়োজনে ঢাকা সিটি কর্পোরেশনের সহযোগিতা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৫ঃ অপটিম্যাক্স কমিউনিকেশন লিমিটেড হতে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ বাবদ মাসিক ৭,৫০০/- টাকা পরিশোধের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে অপটিম্যাক্স কমিউনিকেশন লিমিটেড হতে গৃহীত ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ বাবদ মাসিক ৭,৫০০/- টাকা পরিশোধসহ এককালীন সংযোগ ফি বাবদ ৫,০০০/- টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৬ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের মাংস-২৫ নং দোকানের বকেয়া ভাড়া আদায় প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের মাংস ২৫ নং দোকানটির ইজারা সূত্রে মালিক জনাব মোঃ আঃ রহমান। উক্ত দোকানের বরাদ্দ মেয়াদ ৩১/৫/২০১৭ তারিখ পর্যন্ত বলবৎ আছে। কিন্তু ০১/০১/২০০৬ হতে ৩১/৩/২০১৩ তারিখ পর্যন্ত উক্ত দোকানের ভাড়া বাবদ মোট ২৫,৭০০/-(পঁচিশ হাজার সাতশত) টাকা অদ্যাবধি পরিশোধ করা হয়নি। বিস্তারিত আলোচনান্তে মাংস-২৫ নং দোকানের বরাদ্দ বাতিলসহ নতুন করে উক্ত দোকানটি ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে নতুন ইজারা গ্রহীতার নিকট হতে এযাবৎ বকেয়া ভাড়া আদায় করতে হবে।

আলোচ্যসূচী-৭ঃ গত ২৭ ফেব্রুয়ারি, ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১০(খ) এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে রজনীগন্ধা সুপার মার্কেটে নতুন বরাদ্দকৃত ০৪টি দোকানের মাসিক ভাড়া ও সালামী নির্ধারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ৩০/১২/২০১২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২৭ ও ৩০বিবিধ(৫) এর সিদ্ধান্তে রজনীগন্ধা সুপার মার্কেটে (১) জনাব মোঃ মনিরুজ্জামান (২) জনাব মোঃ দিদার আলম (৩) জনাব মোঃ মোজাম্মেল হক এবং (৪) জনাব মোঃ মোশারফ হোসেন এর নামে দোকান করার জন্য ০১(এক) বছর মেয়াদে স্থান বরাদ্দ প্রদান করা হয়। উক্ত দোকানসমূহের অফেতযোগ্য সালামী এককালীন ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা এবং মাসিক ভাড়া প্রতি বর্গফুট ৭/- (সাত) টাকা হারে নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৮ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের বিভিন্ন ব্লকের মেয়াদোত্তীর্ণ ৮১টি দোকান পুনঃ বরাদ্দের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত দোকানসমূহ পুনঃবরাদ্দ প্রদানের নিমিত্তে সালামীর হার ও অন্যান্য বিষয়ে প্রতিবেদন/মতামত পরবর্তী বোর্ডসভায় উপস্থাপনের জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হলো ঃ-

(১) সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস -- সভাপতি
ও
সভাপতি, বাজার কমিটি।
(২) রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। -- সদস্য
(৩) ট্যাক্স সুপারিনটেনডেন্ট, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। -- সদস্য

আলোচ্যসূচী-৯ঃ স্বাধীনতা সরণির পশ্চিম প্রান্তে নির্মিত মার্কেটের নিচতলার ২ নং দোকান বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ স্বাধীনতা সরণির পশ্চিম প্রান্তে নির্মিত মার্কেটের নিচতলার ২ নং দোকানটির বরাদ্দসূত্রে মালিক জনাব মোঃ মশিউর রহমান খান এর আবেদনক্রমে উক্ত দোকানটি বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, রজনীগন্ধা সুপার মার্কেটে দোকান বিক্রয়/হস্তান্তরের ক্ষেত্রে ক্যান্টনমেন্ট বোর্ডকে প্রদেয় হস্তান্তর ফি ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা হতে বর্ধিত করে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা করা হলো। আবেদিত দোকানসহ ভবিষ্যতে সকল দোকানের ক্ষেত্রে এ সিদ্ধান্ত কার্যকর হবে।

আলোচ্যসূচী-১০ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | লেঃ কর্ণেল শামিম হাসান, এএফডব্লিউসি (অবঃ) | ৪৫৬ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি | নতুন ০৭ তলা |
| (২) | ফ্লোরা বেগম<br>স্বামী-মরহুম উইং কমান্ডার মোহাম্মদ শাহজাহান মিয়া | ৫২৭ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি | নতুন ০৭ তলা |
| (৩) | মেজর আবু কয়সাল মোঃ নুরুল আমিন (অবঃ) | ৫৫৪ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি | নতুন ০৭ তলা |
| (৪) | লেঃ কর্ণেল এ এস এম শমসের আলী<br>লেঃ কর্ণেল একতেদার আহমেদ | ৫৫৯<br>৫৬১ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি | ০৬ তলার উপর ০৭ তলা (ফাউন্ডেশন দেয়া আছে) |
| (৫) | পি নং-৪০৯ ক্যাপ্টেন সাইফ মোঃ জাবেদ ইকবাল, বিএন | ৯০০ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি | নতুন ০৭ তলা |
| (৬) | লেঃ কর্ণেল জিএম কামরুল আলম (অবঃ) | ১১২২ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি | নতুন ০৭ তলা |
| (৭) | উইং কমান্ডার মীল আলী আক্তার (অবঃ) | ১২৪৪ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি | নতুন ০৭ তলা |
| (৮) | পি নং-৪১২ কমোডর শামসুল আলম (জি), এনডিইউ, পিএসসি, বিএন | ১২৫৫ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি | নতুন ০৭ তলা |
| (৯) | (ক) বিএ-১০০৪৪২ লেঃ কর্ণেল মাহবুবু কামাল<br>(খ) বিএসএস ১০০৭৩৯ লেঃ কর্ণেল রাহনুমা হাসান | ১২৫৬ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি | নতুন ০৭ তলা |
| (১০) | বিএ ২৫২৯ ব্রিগেঃ জেনাঃ মোঃ মেহেদী হাসান, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি | ১২৫৯ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি | নতুন ০৭ তলা |
| (১১) | মেজর (অবঃ) মোঃ শহীদুল্লাহ | ১২৭১ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি | নতুন ০৭ তলা |
| (১২) | বিএ-২৩৫৯ কর্ণেল মোঃ আব্দুলাহ্হিল করিম | ১২৮৪ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি | নতুন ০৭ তলা |
| (১৩) | মেজর মোঃ আজিজুর রহমান (অবঃ) | ১৩৫৪ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি | নতুন ০৭ তলা |
| (১৪) | তাছকিনা ইসলাম<br>স্বামী-কর্ণেল মোঃ আমিনুল হক | ১৬২ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি | সংশোধিত ০৭ তলা (০৬ তলার উপর ০৭ তলা নির্মাণ) |
| (১৫) | (ক) লেঃ কর্ণেল (অবঃ) এ আরএম জোয়াহেরুল ইসলাম<br>(খ) লেঃ কর্ণেল (অবঃ) মোঃ ফজলে আকবর | ৪৬৬<br>৪৬৮ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি | সংশোধিত ০৭ তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (১৬) | কমান্ডার এম ওবায়দুল দারাইন, বিএন (অবঃ) | ৬৯৪ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি | সংশোধিত ০৭ তলা (৬ষ্ঠ তলার উপর ০৭ তলা) |
| (১৭) | জনাব শফিক উজ জামান<br>শামীম আক্তার জামান<br>সেলিমুজ্জামান | ২২/বি | বনানী ডিওএইচএস | ১৪/৩/২০১৩ | সংশোধিত ০৭ (সাত) তলা (পুরাতন ২ তলা ভবন ভেঙ্গে ৭ তলা নতুন ভবন নির্মাণ) |
| (১৮) | জনাব মোঃ রেজাউল করিম<br>জনাব মোঃ সাইফুল ইসলাম | ৩/বি | বনানী ডিওএইচএস | ১৯/২/২০১৩ | ০৬ তলার উপর ০৭ তলা |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (১৯) | লেঃ কর্ণেল (অবঃ) আজম হারুন খান | ১৯৭ | বারিধারা ডিওএইচএস | ২৬/২/২০১৩ | বেজমেন্টসহ ০৭ (সাত) তলা নতুন ভবন |
| (২০) | ব্রিগেঃ জেনাঃ মোঃ নাজমুল হুদা (অবঃ) | ২২৮ | বারিধারা ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি | সংশোধিত ০৬ (ছয়) তলা (আভ্যন্তরীণ পরিবর্তন) |
| (২১) | কর্ণেল মোহাম্মদ মোজাম্মেল হক | ৪৪২ | বারিধারা ডিওএইচএস | ২৮/৩/২০১৩ | সংশোধিত ০৭ (সাত) তলা (পুরাতন ২ তলা ভবন ভেঙ্গে ৭ তলা নতুন ভবন নির্মাণ) |
| (২২) | ভাইস এডমিরাল এম ফরিদ হাবিব, এনডিসি, পিএসসি | ১৬৫ | বারিধারা ডিওএইচএস | ২৮/৩/২০১৩ | ০৬ তলার উপর ০৭ তলা |
| (২৩) | গ্রুপ ক্যাপ্টেন (অবঃ) এ এন এম রফিকুল আলম | ৫৪০/৩ | বারিধারা ডিওএইচএস | ১৮/৩/২০১৩ | ০৬ তলার উপর ০৭ তলা |
| (২৪) | মেজর (অবঃ) মোহাম্মদ সফিক উল্লাহ | ৩৩৫ | বারিধারা ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি | ০৬ তলার উপর ০৭ তলা |

গৃহীত সিদ্ধান্ত ঃ নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হলো ঃ-

Land point of view- তে ডিওএইচএস এলাকার জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য ক্ষেত্রে বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-১ হতে ১৩ এবং ১৫ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস এর ১৪টি প্লট, ক্রমিক নং-১৭ এ বর্ণিত বনানী ডিওএইচএস এর ১টি প্লট, ক্রমিক নং-১৯, ২০ ও ২১ এ বর্ণিত বারিধারা ডিওএইচএস এর ৩টি প্লটসহ মোট ১৮টি প্লটে ০৭(সাত)/০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণের নকশা অনুমোদন করা হলো। ক্রমিক নং-১৯ এ বর্ণিত প্লটে নিয়ম মোতাবেক আরসিসি সোর পাইল স্থাপন করতে হবে।

ক্রমিক নং-১৪, ১৬, ১৮, ২২, ২৩ ও ২৪ এ উল্লেখিত ভার্টিক্যাল এক্সটেনশনের সংশোধিত নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী প্রত্যয়ন প্রাপ্তি সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং বাবদ যাবতীয় খরচ সংশ্লিষ্ট প্লট মালিককে বহন করতে হবে।

উল্লেখ্য যে, প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক বাড়ী নির্মিত হলে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

আলোচ্যসূচী-১১ঃ মিরপুর ডিওএইচএস এর ৭৪৪ ও ৭৪৬ নং প্লটে ভার্টিক্যাল এক্সটেনশনের সংশোধিত নকশা কারিগরী ভেটিং এর জন্য এমআইএসটি-তে পুনরায় প্রেরণের বিষয়ে ব্রিগেঃ জেনাঃ তাসাদ্দেক হোসেন, পিএসসি (অবঃ) এর ২০ জানুয়ারি, ২০১৩ তারিখের পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ৭৪৪ ও ৭৪৬ নং প্লটে ভার্টিক্যাল এক্সটেনশনের সংশোধিত নকশা কারিগরী ভেটিং এর জন্য পুনরায় এমআইএসটি-তে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। এ ক্ষেত্রে যথারীতি পুনঃ ফি প্রদান করতে হবে।

আলোচ্যসূচী-১২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস্‌, ২০১০ মোতাবেক মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | স্বাধীনতা সরণির ২০ বীর ইউনিটের আরপি গেইট সংলগ্ন রিকশা স্ট্যান্ড নির্মাণ কাজ। | ১,৯০,৭৯৬/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (২) | বারিধারা ডিওএইচএস এলাকার মেইন রোড সংলগ্ন উত্তর গেইটের পার্শ্বে গার্ডরুমসহ টয়লেট নির্মাণ। | ২,৯৭,৫০০/- টাকা | বারিধারা ডিওএইচএস বিবিধ তহবিল |
| (৩) | বারিধারা ডিওএইচএস এর সিকিউরিটি ব্যারাকের ৩য় তলায় বাথরুম নির্মাণ। | ১,৪০,০০০/- টাকা | বারিধারা ডিওএইচএস বিবিধ তহবিল |
| (৪) | স্টাফ রোড এমপি চেক পোস্টের আউট গেট সংলগ্ন আবাসিক এলাকায় প্রবেশ গেইট বন্ধ করার জন্য ফেন্সিং নির্মাণ কাজ। | ৬৩,০৯০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৫) | ক্যান্ট হাউজের জন্য একটি আইপিএস সরবরাহকরণ। | ৫৪,০০০/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৬) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২ নং পানির পাম্প উঠানো, মেরামত ও পুনঃস্থাপন। | ১,৫৩,০০০/- টাকা | সংশ্লিষ্ট শাখার মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৭) | মিরপুর ডিওএইচএস এলাকার বৈদ্যুতিক পোল নাম্বারিংকরণ। | ২১,১২২/- টাকা | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ তহবিল |
| (৮) | ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশল শাখার নবনির্মিত পশ্চিম পার্শ্বের কক্ষে ০১টি স্টীলের র‍্যাক ও ভার্টিক্যাল ব্লাইন্ড সরবরাহ। | ৪৭,৪৪১/- টাকা | সংশ্লিষ্ট শাখার নৈমিত্তিক খাত |
| (৯) | মুসলিম মডার্ণ একাডেমীর বৈদ্যুতিক লাইন মেরামত ও অন্যান্য কাজ। | ৫০,০০০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (১০) | মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের প্লট নং-৬৯৬ হতে পূর্ব কর্ণার পর্যন্ত মাটি ভরাট ও ইটের সলিংকরণ। | ৫,৪২,৯০১/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (১১) | মিরপুর সামরিক অফিসার আবাসিক এলাকার রোড নং-২৫ এর প্লট নং- ৮৩৭ পর্যন্ত ইটের সলিং করণ। | ২,০০,৮৩৪/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (১২) | মিরপুর ডিওএইচএস এলাকার ৬০'-০" চওড়া মেইন রোড ও রোড নং-৪৯ এর ম্যানহোলের উচ্চতা বৃদ্ধিসহ মেরামত করণ কাজ। | ১,৪৯,৩০১/০০ টাকা | মিরপুর ডিওএইচএস এর উন্নয়ন তহবিল |
| (১৩) | মিরপুর ডিওএইচএস এলাকার রোড নং-৪৮ এর পাইপ ড্রেন এর ম্যানহোলের উচ্চতা বৃদ্ধিসহ মেরামত করণ কাজ। | ২,০৩,৩০১/০০ টাকা | মিরপুর ডিওএইচএস এর উন্নয়ন তহবিল |

| | | | |
|---|---|---|---|
| (১৪) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৫/ডি-৩ ও ৬৫/ডি-১৩ নং স্টাফ কোয়ার্টারের মেরামত ও রং করণ কাজ। | ৯২,৫৮৩/০০ টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষ খাত |
| (১৫) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ক্যান্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং ২৬/ডি-৯ মেরামত ও রং করণ কাজ। | ৩৩,১২২/২০ টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (১৬) | ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৬৪/ডি নং বাসার মেরামত ও চুনকাম করণ কাজ। | ৭৫,০৬৫/৫৯ টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (১৭) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০১ (৩য় তলা উত্তর পার্শ্বে) বাসার মেরামত ও রং চুনার কাজ। | ৫৯,৩৫৬/০০ টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (১৮) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার বাসা নং- ১০৮ (৩য় তলা) মেরামত ও রক্ষনাবেক্ষন কাজ। | ৬১,৪৬৬/৮৯ টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত মূল্যানুমানগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং- ৪, ৬, ৮ ও ৯ এ উল্লেখিত কাজের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। ক্রমিক নং-১৪ হতে ১৮ এ উল্লেখিত স্টাফ কোয়ার্টার মেরামতের নিমিত্তে বর্তমান অর্থ বছরের বাজেট বরাদ্দ নেই। অর্থ প্রাপ্তি সাপেক্ষে কাজগুলো সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। অবশিষ্ট মূল্যানুমানগুলোর চূড়ান্ত অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান | Responsive Tenderer | উদ্ধৃত দর | ব্যয়ের খাত |
|---|---|---|---|---|---|
| ১। | মিরপুর ডিওএইচএস এর বিভিন্ন রোডে ভাঙ্গা রাস্তা মেরামত ও স্ল্যাব মেরামত কাজ। | ৫১,৭২০/- | মেসার্স চাষী কনস্ট্রাকশন | ৫১,৭২০/- | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| ২। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৮/এ নং বাসার ২য় তলার মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ৭৩,৬৯৬/- | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ৭৩,৬৯৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ৩। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯৬ নং বিল্ডিং এর পিছনে টিনশেড বাসা মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ৪৬,৫২৩/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৪৬,৫২৩/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ৪। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৮/এ নং বাসার ০৯ নং ফ্ল্যাট মেরামত ও সংস্কার কাজ। | ৪৬,২০৯/- | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ৪৬,২০৯/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ৫। | যানবাহন মামলা নিস্পত্তির নিমিত্ত আটককৃত দলিল রক্ষার জন্য লকার তৈরী করণ। | ১,১৬,০০০/- | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস | ১,১৫,৬০০/- | বোর্ডের স্থানীয় আয় |
| ৬। | মিরপুর ডিওএইচএস এর ২৪ নং রোডের (এইচবিবি) সলিং রাস্তা নির্মাণ কাজ। | ৬,২৫,২৩৮/- | মেসার্স শাহীদুল ইসলাম এন্ড কোং | ৬,৫০,২৪৭/- | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| ৭। | মিরপুর ডিওএইচএস এলাকার ২৮ নং রোডের পশ্চিম পার্শে সংলগ্ন নিচু জায়গা ভরাট করণ কাজ। | ২,৬৪,৮৫৫/- | মেসার্স শাহীদুল ইসলাম এন্ড কোং | ২,৬৪,৮৫৫/- | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| ৮। | বনানী ডিওএইচএস এলাকার সকল ড্রেন পরিস্কারসহ মেরামত কাজ। | ৫,৩৩,৭২৪/- | মেসার্স দরবার শরীফ এন্টারপ্রাইজ | ৫,৩৩,৭২৪/- | বনানী ডিওএইচএস বিবিধ তহবিল |
| ১০। | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পাওয়ার ক্যাবলসহ ০৫ টনি ০২টি এসি সরবরাহ ও স্থাপন কাজ। | ৬,৭০,০০০/- | মেসার্স এ্যাসকো ইন্টারন্যাশনাল | ৬,৭০,০০০/- | বোর্ডের স্থানীয় আয় |
| ১১। | মহাখালী ডিওএইচএস এলাকার সেন্ট্রাল রোডের স্পীড ব্রেকার নির্মাণসহ ম্যানহোলের আনুষংগিক কাজ। | ২,৯৭,০৩১/- | মেসার্স আজিজ কর্পোরেশন | ৩,০৮,৯১২/২৪ | মহাখালী ডিওএইচএস বিবিধ তহবিল |
| ১২। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৪ নং রোডের ১০১ (দ্বিতীয় তলা) নং পরিত্যাক্ত সম্পত্তির বাসা সংস্কার ও মেরামত ও কাজ। | ৭২,০৩৫/- | মেসার্স প্রোগ্রেসিভ ইঞ্জিঃ এন্ড কোং | ৭২,০৩৫/- | পরিত্যাক্ত সম্পত্তির সংশ্লিষ্ট তহবিল |
| ১৩। | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ২৭/বি নং রোডের পাইপ ড্রেন (২'-০" ডায়া) ও সলিং রোড নির্মাণ। | ১৬,৭৩,৪৩৪/- | মেসার্স জুয়েল এন্টারপ্রাইজ | ১৭,৪০,২০৪/- | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৪। | মহাখালী ডিওএইচএস এলাকার বিভিন্ন রোডে পটহোল মেরামতসহ ড্রেনের ওয়াল ও ফুটপাতের স্ল্যাব নির্মাণ। | ১,৫৪,৩২৫/- টাকা | মেসার্স আর এস এন্টারপ্রাইজ | ১,৫৪,৩৮৫/- টাকা | মহাখালী ডিওএইচএস বিবিধ তহবিল |
| ১৫। | মহাখালী ডিওএইচএস এলাকার ইমাম এর কোয়ার্টার মেরামত ও রংকরণ কাজ। | ৬৯,৮৭৭/- টাকা | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং এন্ড ওয়ার্কশপ | ৬৯,৮৭৭/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |

গৃহীত সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-২, ৩, ৪ ও ১৫ এ উল্লেখিত প্রকল্পগুলির কার্যাদেশ প্রদানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। ক্রমিক নং-১২ এ উল্লেখিত প্রকল্পটি বাস্তবায়নের নিমিত্তে পরিত্যাক্ত সম্পত্তি পরিচালনা সংস্থার চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ করা হোক। অবশিষ্ট প্রকল্পগুলি চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৪ঃ সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাসের ওয়েস্ট ডিসপোজাল সংক্রান্ত সামগ্রী স্থাপন বাবদ ৫,৮৭,২০০/- টাকা পরিশোধ সংক্রান্ত তদীয় ১৯ ফেব্রুয়ারি, ২০১৩ তারিখের ১৪১৩/১/এ (হিসাব) নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে সিএমএইচ, ঢাকার ওয়েস্ট ডিসপোজাল সংক্রান্ত সামগ্রী স্থাপন ব্যয় বাবদ ৫,৮৭,২০০/- টাকা পরিশোধের নিমিত্ত নিয়ম অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, উক্ত ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে অর্থ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নির্বাহ করতে হবে।

আলোচ্যসূচী-১৫ঃ ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের পুরাতন এ্যাম্বুলেন্স মেরামত বাবদ ৫৫,০০০/- টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের পুরাতন এ্যাম্বুলেন্স (নং-৭১-০০৫২) নষ্ট হওয়ায় বিভিন্ন যন্ত্রাংশ দ্বারা ইঞ্জিন, সাসপেনশন ও ছিট মেরামত এবং ০১(এক)টি ব্যাটারী (লুকাস) ক্রয় বাবদ ৫৫,০০০/০০(পঞ্চান্ন হাজার) টাকা প্রয়োজন হবে। রোগীদের জরুরী সেবা প্রদানের নিমিত্তে এ্যাম্বুলেন্সটি মেরামতের সিদ্ধান্ত গৃহীত হলো এবং উক্ত কাজের যাবতীয় ব্যয় চ-১-খ খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যসূচী-১৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পানি বাহিত গাড়ী (বাউজার) এর জন্য ১২ ভোল্ট ২১ প্লেটের একটি ব্যাটারী ক্রয়ের জন্য ১২,১৩৫/- টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পানি বাহিত গাড়ী (বাউজার) এর জন্য ১২ ভোল্ট ২১ প্লেটের একটি ব্যাটারী ক্রয়ের জন্য ১২,১৩৫/- টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, উক্ত কাজের যাবতীয় ব্যয় ঙ-৬-খ খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যসূচী-১৭ঃ সেনাভবনে ঘাস লাগানো ও পরিচর্যার জন্য দৈনিক ৩০০/- টাকা হারে ০৫ জন দৈনিক শ্রমিক ৭২ দিনের জন্য নিয়োগের নিমিত্তে (৩০০/- × ৫ × ৭২) = ১,০৮,০০০/- টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে সেনাভবনে ঘাস লাগানো ও পরিচর্যার জন্য দৈনিক ৩০০/- টাকা হারে ০৫ জন দৈনিক শ্রমিক ৭২ দিনের জন্য নিয়োগের নিমিত্তে (৩০০/- × ৫ × ৭২) = ১,০৮,০০০/- টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, উক্ত কাজের যাবতীয় ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে অর্থ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নির্বাহ করতে হবে।

আলোচ্যসূচী-১৮ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের অপারেশন থিয়েটার চার্জ কমানো এবং এমও ফি ও স্টাফ ফি হিসাব সংরক্ষণের বিষয়ে ভারপ্রাপ্ত চীফ মেডিক্যাল অফিসারের ০৭/৩/২০১৩ ও ১৩/৩/২০১৩ পত্রসমূহের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের অপারেশন থিয়েটার এর চার্জ নির্ধারণের বিষয়ে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞদের সমন্বয়ে (ডিজিএমএস এর প্রতিনিধিসহ) একটি কমিটি গঠন করে হাসপাতালের নীতিমালাটি রিভিউ করার জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হলো। নীতিমালা সংশোধন এর পূর্ব পর্যন্ত এমও ফি ও স্টাফ ফি এর হিসাব পূর্বের ন্যায় সিএমও পরিচালনা করবেন।

আলোচ্যসূচী-১৯ঃ গত ২৭ ফেব্রুয়ারি, ২০১৩ অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২৬ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিস এবং শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের জন্য ২টি মাইক্রোবাস ক্রয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আপততঃ শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের জন্য একটি মাইক্রোবাস ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো। সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের নীতিগত অনুমোদন গ্রহণ করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। উল্লেখ্য যে, মাইক্রোবাস ক্রয়ের যাবতীয় ব্যয় কলেজ তহবিল হতে সংকুলান করতে হবে এবং নিয়মিত ড্রাইভার এর পদসৃষ্টিসহ নিয়োগ না হওয়া পর্যন্ত মাস্টার রোলে একজন ড্রাইভার নিয়োগ করতে হবে।

আলোচ্যসূচী-২০ঃ বারিধারা ডিওএইচএস মসজিদে সুচারুভাবে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে ট্রান্সফরমার/সাব স্টেশন স্থাপ প্রসংগে আলোচনা।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বারিধারা ডিওএইচএস মসজিদে সুচারুভাবে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে ট্রান্সফরমার/সাব স্টেশন স্থাপনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর কর্তৃক বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল হতে ২৬,৪৮,৩৫২/- টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়েছে। কিন্তু বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিলে পর্যাপ্ত অর্থ না থাকায় প্রকল্পটি বাস্তবায়ন করা যাচ্ছে না। বিস্তারিত আলোচনান্তে বারিধারা ডিওএইচএস পরিষদ কর্তৃক ৫০% অর্থ সংকুলান করা হলে অবশিষ্ট অর্থ বোর্ডের স্থানীয় আয়ের উৎস হতে সংকুলান করে প্রকল্পটি সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। বারিধারা ডিওএইচএস পরিষদ এর সম্মতি পাওয়া গেলে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২১ঃ ঢাকা ক্যান্টনমেন্ট ও মিরপুর ক্যান্টনমেন্ট এর অভ্যন্তরে বাংলা ফোনের সহায়তায় ডেসকো এর বৈদ্যুতিক পোল ব্যবহার করে অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপনের অনুমতি প্রদান।

গৃহীত সিদ্ধান্ত ঃ এ বিষয়ে মিরপুর ডিওএইচএস পরিষদ এর মতামত গ্রহণ করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২২ঃ বারিধারা ডিওএইচএস বাইপাস ও স্কুল গেইট থেকে স্টাফ রোড পর্যন্ত বিস্তৃত সড়ক ০২টিতে স্থাপিত স্ট্রীট লাইটগুলো মেরামত ও রক্ষণাবেক্ষণের নিমিত্তে ক্যান্টনমেন্ট বোর্ডের নিকট হস্তান্তর ও গ্রহণ বিষয়ে আলোচনা।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে বারিধারা ডিওএইচএস বাইপাস ও স্কুল গেইট থেকে স্টাফ রোড পর্যন্ত বিস্তৃত সড়ক ০২টিতে স্থাপিত স্ট্রীট লাইটগুলো মেরামত ও রক্ষণাবেক্ষণের নিমিত্তে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক বুঝে নেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৩ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল হতে মেডিক্যাল বর্জ্য অপসারণের জন্য ৬৫টি প্লাস্টিকের ডাস্টবিন ক্রয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের মেডিক্যাল বর্জ্য অপসারণের জন্য প্রিজম এর সাথে চুক্তিপত্র সম্পাদন করা হয়েছে। হাসাতালের বিভিন্ন ও.টি, কেবিন ও ওয়ার্ড হতে ময়লা-আবর্জনা সংগ্রহ করার জন্য ৬৫টি প্লাস্টিকের বিন প্রয়োজন হবে। নির্ধারিত ডিজাইন ও সাইজের ৬৫টি প্লাস্টিকের বিন সরবরাহ/তৈরীর নিমিত্ত ১,৫০,০০০/- টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। হাসপাতালের নৈমিত্তিক খাত হতে উক্ত ব্যয় সংকুলান করতে হবে।

আলোচ্যসূচী-২৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ০১টি ইলেক্ট্রিক সুপারভাইজারের পদ এবং ০৭টি ড্রাইভার এর পদ সৃষ্টির বিষয়ে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৪/৩/২০১৩ তারিখের পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা কান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণে ঢাকা ও মিরপুর ক্যান্টনমেন্ট এর রাস্তার লাইট ব্যতীত বর্তমানে ৪টি ডিওএইচএস, রজনীগন্ধা সুপার মার্কেট, শপিং কমপ্লেক্স,হাসপাতাল ও কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। এসব এলাকার বিদ্যুৎ সংযোগ বিষয়ে দাপ্তরিক ও অন্যান্য কাজের জন্য একজন সুপারভাইজার আবশ্যক। এছাড়া প্রকৌশল শাখার অতিরিক্ত কাজ সম্পন্ন করার জন্য কার্যসহকারী ও অন্যান্য পদে জনবলের আবশ্যকতা রয়েছে। মিরপুর ডিওএইচএস এর ট্যাক্স আদায় এবং ট্রাফিক কেইস এর জরিমানা আদায়ের জন্য সার্বক্ষণিকভাবে ট্যাক্স কালেক্টর প্রয়োজন। বর্তমানে ৪টি পাম্পের বিপরীতে ৩ জন অপারেটর কর্মরত। ঢাকা সেনানিবাসের বাসিন্দাদের নিরবচ্ছিন্ন সেবা নিশ্চিত করার জন্য নিম্নবর্ণিত পদসমূহ সৃষ্টিসহ নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | শাখা |
|---|---|---|---|---|
| (১) | ইলেক্ট্রিক সুপারভাইজার | ০১টি | ৫২০০-১১২৩৫/- | পানি ও বিদ্যুৎ শাখা |
| (২) | কার্যসহকারী | ০১টি | ৪৭০০-৯৭৪৫/- | প্রকৌশল শাখা |
| (৩) | ট্যাক্স কালেক্টর | ০২টি | ৪৭০০-৯৭৪৫/- | রাজস্ব শাখা |
| (৪) | নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটর | ০১টি | ৪৭০০-৯৭৪৫/- | প্রকৌশল শাখা |
| (৫) | ড্রাইভার (হালকা/ভারী) | ০৭ | ৪৭০০-৯৭৪৫/- | সাধারণ কঞ্জারভেন্সী/ প্রশাসন/প্রকৌশল শাখা |
| (৬) | পাম্প অপারেটর | ০১টি | ৪১০০-৭৭৪০/- | পানি ও বিদ্যুৎ শাখা |

চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাবপ্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৫ঃ সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ১৬৬টি পদ বিশিষ্ট প্রস্তাবিত অর্গানোগ্রাম ঘটনোত্তর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ১৬৬টি পদ বিশিষ্ট প্রস্তাবিত অর্গানোগ্রাম ঘটনোত্তর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

২৬ বিবিধ-১ ঃ বারিধারা স্কলার্স ইনস্টিটিউশন এর ভার্টিক্যাল এক্সটেশন এর নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বারিধারা স্কলার্স ইনস্টিটিউশন হতে এমআইএসটি কর্তৃক চাহিত তথ্যাদি ও কাগজাদি পাওয়া গেলে চূড়ান্ত অনুমোদনের জন্য এমআইএসটি-তে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৬ বিবিধ-২ ঃ মুসলিম মডার্ণ একাডেমীর ছাত্র-শিক্ষক অটোমেটিক এ্যাটেনডেন্স সিস্টেম স্থাপনসহ বিদ্যালয়ের সার্বিক কার্যক্রম অটোমেশন করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ মুসলিম মডার্ণ একাডেমীর ছাত্র-শিক্ষক অটোমেটিক এ্যাটেনডেন্স সিস্টেম স্থাপনসহ বিদ্যালয়ের সার্বিক কার্যক্রম অটোমেশন করার সিদ্ধান্ত গৃহীত হলো। সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর হতে নীতিগত অনুমোদন গ্রহণ করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

২৬ বিবিধ-৩ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস্, ২০১০ মোতাবেক মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং-৪/সি মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ৫৫,০৩০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। বর্তমান অর্থ বছরে এ খাতে বাজেট বরাদ্দ নেই বিধায় অর্থ প্রাপ্তি সাপেক্ষে কাজ সম্পাদন করা হোক।

২৬ বিবিধ-৪ ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | কমডোর মোঃ আবুল কালাম আজাদ, (জি), এনডিসি, পিএসসি, বিএন | ৩২০ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি | নতুন ০৭ তলা |
| (২) | মেজর জেনাঃ ইমরুল কায়েস | ৪৫৮/এ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি | ২টি প্লটে যৌথভাবে সংশোধিত ০৭ তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |
| | কর্ণেল মোহাম্মদ সাইফুল ইসলাম | ৪৬০/এ | | | |
| (৩) | ব্রিগেঃ জেনাঃ মোঃ আশরাফুজ্জামান | ৯৮৩ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি | নতুন ০৭ তলা |
| (৪) | মেজর জেনাঃ এ কে এম আব্দুল্লাহিল বাকী, এনডিইউ, পিএসসি | ৯৯০ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি | নতুন ০৭ তলা |
| (৫) | কর্ণেল (অবঃ) মোঃ আব্দুল খালেক | ১০০১ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি | নতুন ০৭ তলা |
| (৬) | লেঃ কর্ণেল সৈয়দ আবু মোহাম্মদ আফজালুল আবেদীন | ১২০১ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি | নতুন ০৭ তলা |
| (৭) | ব্রিগেঃ জেনাঃ এ এস এম মুশফিকুর রহমান, পিএসসি | ১৩২৯ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি | নতুন ০৭ তলা |
| (৮) | লেঃ কর্ণেল মোঃ আনিসুর রহমান সরদার (অবঃ) | ২৮০ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি | সংশোধিত ০৭ তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |

গৃহীত সিদ্ধান্ত ঃ নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হলো ঃ-

Land point of view- তে ডিওএইচএস এলাকার জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য ক্ষেত্রে বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-১ হতে ৭ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস এর ৭টি প্লটে ০৭(সাত)/০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণের নকশা অনুমোদন করা হলো।

ক্রমিক নং-৮ এ উল্লেখিত ভার্টিক্যাল এক্সটেনশনের সংশোধিত নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী প্রত্যয়ন প্রাপ্তি সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং বাবদ যাবতীয় খরচ সংশ্লিষ্ট প্লট মালিককে বহন করতে হবে।

উল্লেখ্য যে, প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে।

২৬ বিবিধ-৫ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান | Responsive Tenderer | উদ্ধৃত্ত দর | ব্যয়ের খাত |
|---|---|---|---|---|---|
| ১। | মিরপুর ডিওএইচএস এলাকার প্লট নং-৮৬০ হতে ৮৬১ পর্যন্ত উচ্চতা বৃদ্ধিসহ ইটের সলিং রাস্তা নির্মাণ কাজ। | ৫,৮৭,৫৩৫/- | মেসার্স জুয়েল এন্টারপ্রাইজ | ৬,১১,০৩৬/৪০ | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| ২। | মিরপুর ডিওএইচএস এলাকার ৬০-০˝ চওড়া রোডের প্লট নং-১২৬২ হতে প্লট নং-৯৩৫ পর্যন্ত উচ্চতা বৃদ্ধিসহ ইটের সলিং রাস্তা নির্মাণ। | ৪৪,২০,৭৩৯/- | মেসার্স শহীদুল ইসলাম এন্ড কোং | ৪৫,৯৭,৫৬৮/৫৬ | -ঐ- |
| ৩। | মিরপুর ডিওএইচএস এলাকর পার্ক-১/প্লে গ্রাউন্ডে মাটি ভরাট ও ঘাস লাগানো। | ১৬,৫০,০০০/- | মেসার্স মনির এন্ড কোং | ১৭,১৬,০০০/- | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| ৪। | বনানী সামরিক কবরস্থানের একটি টয়লেট নির্মাণসহ পুরাতন টয়লেট মেরামত ও সংস্কার কাজ। | ৩,৪৫,৯০৮/- | মেসার্স প্রগ্রেসিভ ইঞ্জিনিয়ারিং এন্ড কোং | ৩,৪৫,৯০৮/- | বোর্ডের স্থানীয় আয় |
| ৫। | বনানী ডিওএইচএস এলাকার ৪ ও ৫ নং রোডের সাব-বেজ ও ম্যাকাডামসহ উঁচুকরণ কাজ। | ৪০,৮৪,৩৬৩/- টাকা | মেসার্স সফিক ট্রেডার্স | ৪২,৪৭,৭৩৭/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| ৬। | সেনা ভবনের পশ্চিম পার্শ্বে এবং সেনাকুঞ্জের পূর্ব পার্শ্ব হতে সিগন্যাল গেইট পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে জরাজীর্ণ পুরাতন বৈদ্যুতিক তার পরিবর্তন করে নতুন এ্যালুমিনিয়াম তার ও আনুষংগিক মালামাল স্থাপন কাজ। | ৩০,০০,০০০/- | মেসার্স এম আর ট্রেড লিংক | ৩১,২০,০০০/- টাকা | অনুদান |
| ৭। | পুরাতন পানির পাম্পের জন্য ০২টি ১০০ কেভিএ ট্রান্সফরমার স্থাপন কাজ। | ৩২,৬০,১৬২/- | মেসার্স আমিন ব্রাদার্স | ৩৩,৯০,০১৯/- টাকা | অনুদান |
| ৮। | সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের এমইও, ডিডি ও এডি শিক্ষার অফিস কক্ষের জানালার নেট পাল্লা সরবরাহ ও স্থাপন। | ৪৩,৬৭৫/- টাকা | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ার্স ওয়ার্কশপ | ৪৫,৪২২/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |

গৃহীত সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-৮ এ উল্লেখিত প্রকল্পগুটি কার্যাদেশ প্রদানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট প্রকল্পগুলি চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক।

২৬ বিবিধ-৬ ঃ ঢাকা সেনানিবাসের নিরাপত্তার জন্য পশ্চিম দিকে রজনীগন্ধা অফিসার্স আবাসিক এলাকা হতে উত্তর দিকে মানিকদী পর্যন্ত পকেট গেইট বন্ধ করার লক্ষ্যে নিম্নবর্ণিত নিরাপত্তা দেয়াল, গেইট ও কাঁটা তারের বেড়া স্থাপন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

(ক) রজনীগন্ধা অফিসার্স আবাসিক এলাকার উত্তর-পশ্চিম কোণায় বন্ধ রাস্তার পকেট গেইট সংলগ্ন স্থানে সতর্কীকরণ সাইন বোর্ড স্থাপন।

(খ) রজনীগন্ধা সুপার মার্কেটের পূর্ব দিকের ফায়েজ সু'জ কোম্পানীর পূর্ব দিকের গেইট দেয়াল দিয়ে বন্ধকরণ।



(৮)

(গ) রজনীগন্ধা সুপার মার্কেটের পূর্ব পার্শ্বের কাঁটা তারের বেড়া পুনঃস্থাপন।

(ঘ) আইএসপিআর এর নিকটবর্তী স্থানে নতুন একটি গেইট নির্মাণ এবং পুকুর পাড়ের দেয়াল উঁচুকরণ।

(ঙ) ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬/এ নং রোডের পশ্চিম মাথার সীমানা দেয়াল উঁচুকরণ ও কাঁটা তারের বেড়া স্থাপন।

(চ) ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোডের পশ্চিম মাথায় (সেনা পরিবার কল্যাণ সমিতির দেয়াল সংলগ্ন) নতুন একটি গেইট নির্মাণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে উপরোল্লিখিত প্রকল্পগুলো দ্রুত সম্পন্ন করার জন্য মূল্যানুমান প্রস্তুত করে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৭.০৪.২০১৩

( মোঃ রেজাউল ইসলাম )
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

৭/৪/২০১৩

(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাঈদ আনোয়ারুল ইসলাম)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।

পরিশিষ্ট-'ক'

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) ক্যাপ্টেন আশরাফুল হক চৌধুরী, (জি), এএফডব্লিউসি, পিএসসি, বিএন — উপস্থিত
অধিনায়ক, বা নৌ জা হাজী মহসিন, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(২) গ্রুপ ক্যাপ্টেন মোঃ মফিদুর রহমান, এএফডব্লিউসি, পিএসসি — উপস্থিত
অধিনায়ক, প্রশাসনিক শাখা, বিমান বাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৩) মেজর নাজ আখতার হোসেন — উপস্থিত
ভারপ্রাপ্ত সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস
প্রতিনিধি, সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৪) মেজর মোঃ জাকির হোসেন পাটওয়ারী, ওসি, এসএইচও, — অনুপস্থিত
প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতসল, ঢাকা সেনানিবাস
ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৫) কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক — উপস্থিত
বাসা#৪০৮/৮, রোড#৭ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস
ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৬) জনাব হেলাল উদ্দিন আহমেদ — উপস্থিত
বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস
ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৭) শাহে এলিদ মাইনুল আমিন, নেজারত ডেপুটি কালেক্টর, ঢাকা — অনুপস্থিত
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।